# ৪০ তম বিসিএস প্রশ্ন সমাধান

## বাংলা ভাষা ও সাহিত্য

সিন্যাপস বিসিএস একাডেমি

**প্রশ্ন: ০১- দ্বারা, দিয়া, কর্তৃক-বাংলা ব্যাকরণ অনুযায়ী কোন বিভক্তি?**

ক) তৃতীয়া বিভক্তি খ) প্রথমা বিভক্তি গ) দ্বিতীয়া বিভক্তি ঘ) শূণ্য বিভক্তি

**সঠিক উত্তর: ক) তৃতীয়া বিভক্তি**

**ব্যাখ্যা:** দ্বারা, দিয়া, কর্তৃক- বাংলা ব্যাকরণ অনুযায়ী তৃতীয়া বিভক্তি।

**প্রশ্ন: ০২-'অভিরাম' শব্দের অর্থ কী?**

ক) বিরামহীন খ) বালিশ গ) চলন ঘ) সুন্দর

**সঠিক উত্তর: ঘ) সুন্দর**

**ব্যাখ্যা:** "অভিরাম" একটি বিশেষন পদ। অভিরাম শব্দের অর্থ সুন্দর, আনন্দদায়ক।

**প্রশ্ন: ০৩-বাংলা কৃৎ-প্রত্যয় সাধিত শব্দ কোনটি?**

ক) কারক খ) লিখিত গ) বেদনা ঘ) খেলনা

**সঠিক উত্তর: ঘ) খেলনা**

**ব্যাখ্যা:** খেল্+না=খেলনা। এক্ষেত্রে খেল একটি কৃৎ প্রত্যয়।

**প্রশ্ন: ০৪-'Attested'-এর বাংলা পরিভাষা কোনটি?**

ক) সত্যায়িত খ) প্রত্যয়িত= গ) সত্যায়ন ঘ) সংলগ্ন/সংলাগ

**সঠিক উত্তর: ক) সত্যায়িত ও খ) প্রত্যয়িত**

**ব্যাখ্যা:** 'Attested'-এর বাংলা পরিভাষা সত্যায়িত কিংবা প্রত্যয়িত উভয়ই হতে পারে।

**প্রশ্ন: ০৫-কোনটি শুদ্ধ বানান?**

ক) প্রজ্বল খ) প্রোজ্জল গ) প্রোজ্বল ঘ) প্রোজ্জ্বল

**সঠিক উত্তর: ঘ) প্রোজ্জ্বল**

**ব্যাখ্যা:** প্রকৃষ্ট রূপে উজ্জ্বল বোঝাতে প্রোজ্জ্বল ব্যবহৃত হয়। ৎ+চ/ছ/জ+উ থাকলে জ্জ্ব হয়।

**প্রশ্ন: ০৬-'জোছনা' কোন শ্রেণির শব্দ?**

ক) যৌগিক খ) তৎসম গ) দেশী ঘ) অর্ধ-তৎসম

**সঠিক উত্তর: ঘ) অর্ধ-তৎসম**

**ব্যাখ্যা:** জোছনা অর্ধ তৎসম শব্দ। জ্যোৎস্না তৎসম শব্দ।

**প্রশ্ন: ০৭-'জিজীবিষা' শব্দটি দিয়ে বোঝায়-**

ক) জয়ের ইচ্ছা খ) হত্যার ইচ্ছা গ) বেঁচে থাকার ইচ্ছা ঘ) শোনার ইচ্ছা

**সঠিক উত্তর: গ) বেঁচে থাকার ইচ্ছা**

**ব্যাখ্যা:** বেঁচে থাকার ইচ্ছা = জিজীবিসা, হত্যার ইচ্ছা = জীঘাংসা।

**প্রশ্ন: ০৮-"সর্বাঙ্গীণ" শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয়-**

ক) সবঙ্গ + ঈন খ) সর্ব + অঙ্গীন গ) সর্ব + ঙ্গীন ঘ) সর্বাঙ্গ + ঈন

**সঠিক উত্তর: ঘ) সর্বাঙ্গ + ঈন**

**ব্যাখ্যা:** সর্বাঙ্গ + ঈন = সর্বাঙ্গীণ।

**প্রশ্ন: ০৯-অন্যের রচনা থেকে চুরি করাকে বলা হয়-**

ক) বেতসবৃত্তি খ) পতঙ্গবৃত্তি গ) জলৌকাবৃত্তি ঘ) কুম্ভিলকবৃত্তি

**সঠিক উত্তর: ঘ) কুম্ভিলকবৃত্তি**

**ব্যাখ্যা:** অন্যের রচনা থেকে চুরি করাকে বলা হয়- কুম্ভিলকবৃত্তি।

**প্রশ্ন: ১০-'ঊর্ণনাভ'- শব্দটি দিয়ে বুঝায়-**

ক) টিকটিকি খ) তেলেপোকা গ) ইউপোকা ঘ) মাকড়সা

**সঠিক উত্তর: ঘ) মাকড়সা**

**ব্যাখ্যা:** 'ঊর্ণনাভ'-মাকড়সা। মাকড়সাকে সংস্কৃতে উর্ণ্নাভ বলে।

**প্রশ্ন: ১১-বাংলা আধুনিক উপন্যাস-এর প্রবর্তক ছিলেন-**

ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) প্যারীচাঁদ মিত্র

গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

**সঠিক উত্তর: ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়**

**ব্যাখ্যা:** বাংলা আধুনিক উপন্যাস-এর প্রবর্তক ছিলেন- বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।

**প্রশ্ন: ১২-"কিন্তু আরম্ভের পূর্বেও আরম্ভ আছে। সন্ধ্যা বেলায় দীপ জ্বালার আগে সকাল বেলায় সলতে পাকানো" - বাক্যদ্বয় কোন রচনা থেকে উদ্ধৃত?**

ক) নৌকাডুবি খ) চোখের বালি গ) যোগাযোগ ঘ) শেষের কবিতা

**সঠিক উত্তর: গ) যোগাযোগ**

**ব্যাখ্যা:** বাক্যদ্বয় "যোগাযোগ" রবীন্দ্রনাথ রচিত একটি সামাজিক উপন্যাস থেকে উদ্ধৃত।

**প্রশ্ন: ১৩-মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস কোনটি?**

ক) একটি কালো মেয়ের কথা খ) তেইশ নম্বর তৈলচিত্র

গ) আয়নামতির পালা ঘ) ইচ্ছামতী

**সঠিক উত্তর: ক) একটি কালো মেয়ের কথা**

**ব্যাখ্যা:** বাংলাদেশের মুক্তিযুদ্ধ নিয়ে রচিত প্রথম উপন্যাস তারাশংকর বন্দোপাধ্যায় রচিত "একটি কালো মেয়ের কথা"।

**প্রশ্ন: ১৪-'কালো বরফ' উপন্যাসটির বিষয়:**

ক) তেভাগা আন্দোলন খ) ভাষা আন্দোলন গ) মুক্তিযুদ্ধ ঘ) দেশভাগ

**সঠিক উত্তর: ঘ) দেশভাগ**

**ব্যাখ্যা:** "কালো বরফ" মাহমুদুল হকের রচিত দেশভাগের পটভূমিতে রচিত একটি উপন্যাস।

**প্রশ্ন: ১৫-'ঢাকা প্রকাশ' সাপ্তাহিক পত্রিকাটির সম্পাদক কে?**

ক) কৃষ্ণচন্দ্র মজুমদার খ) রামানন্দ চট্টোপাধ্যায়

গ) শামসুর রাহমান ঘ) সিকান্দার আবু জাফর

**সঠিক উত্তর: ক) কৃষ্ণচন্দ্র মজুমদার**

**ব্যাখ্যা:** ঢাকা প্রকাশ ঢাকা থেকে প্রকাশিত প্রথম বাংলা সংবাদপত্র। এর প্রথম সংখ্যা প্রকাশিত হয় ১৮৬১ সালের ৭ ই মার্চ বাবুবাজারের ”বাঙ্গাল যন্ত্র” থেকে। যার প্রথম সম্পাদক ছিলেন কৃষ্ণচন্দ্র মজুমদার।

**প্রশ্ন: ১৬-‘জীবনস্মৃতি’ কার রচনা?**

ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
খ) রবীন্দ্রনাথ ঠাকুর
গ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
ঘ) রোকেয়া সাখাওয়াত হোসেন

**সঠিক উত্তর: খ) রবীন্দ্রনাথ ঠাকুর**

**ব্যাখ্যা:** জীবনস্মৃতি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত আত্মজীবনীমূলক প্রবন্ধ গ্রন্থ, যা ১৯১২ সালে প্রকাশিত হয়েছে।

**প্রশ্ন: ১৭-দীনবন্ধু মিত্রের ‘নীলদর্পণ’ নাটকটি ইংরেজিতে অনুবাদ করেন কে?**

ক) প্যারীচাঁদ মিত্র
খ) মাইকেল মধুসূদন দত্ত
গ) প্রমথ চৌধুরী
ঘ) দ্বিজেন্দ্রলাল রায়

**সঠিক উত্তর: খ) মাইকেল মধুসূদন দত্ত**

**ব্যাখ্যা:** নীলদর্পণ নাটকটি ১৮৬০ সালে ঢাকা থেকে প্রথম প্রকাশিত হয়। নীলদর্পণ অনুবাদ করেন মাইকেল মধুসূদন দত্ত।

**প্রশ্ন: ১৮-“সকালে উঠিয়া আমি মনে মনে বলি, সারাদিন আমি যেন ভালো হয়ে চলি” - চরণ দুটির রচয়িতা কে?**

ক) চণ্ডীচরণ মুনশী
খ) কাজী নজরুল ইসলাম
গ) রবীন্দ্রনাথ ঠাকুর
ঘ) মদনমোহন তর্কালঙ্কার

**সঠিক উত্তর: ঘ) মদনমোহন তর্কালঙ্কার**

**ব্যাখ্যা:** চরণ দুটির রচয়িতা মদনমোহন তর্কালঙ্কার। তিনি বাংলা ভাষায় শিক্ষা বিস্তারের জন্য যথেষ্ট শ্রম ব্যয় করেন।

**প্রশ্ন: ১৯-চর্যাপদে কোন ধর্মমতের কথা আছে?**

ক) খ্রীষ্টধর্ম
খ) প্যাগনিজম
গ) জৈনধর্ম
ঘ) বৌদ্ধধর্ম

**সঠিক উত্তর: ঘ) বৌদ্ধধর্ম**

**ব্যাখ্যা:** ১৯০৭ সালে হরপ্রসাদ শাস্ত্রী আবিষ্কৃত ”চর্যাপদ” হল বৌদ্ধ সহজিয়া পন্থীদের দেহ সাধনার বই।

**প্রশ্ন: ২০-শরতের শিশির-বাগধারা শব্দটির অর্থ কী?**

ক) সুসময়ের বন্ধু
খ) সুসময়ের সঞ্চয়
গ) শরতের শোভা
ঘ) শরতের শিউলি ফুল

**সঠিক উত্তর: ক) সুসময়ের বন্ধু**

**ব্যাখ্যা:** ”শরতের শিশির” বাগধারাটির অর্থ সুসময়ের বন্ধু বা ক্ষণস্থায়ী।

**প্রশ্ন: ২১-শিব রাত্রির সলতে-বাগধারাটির অর্থ কী?**

ক) শিবরাত্রির আলো
খ) একমাত্র সঞ্চয়
গ) একমাত্র সন্তান
ঘ) শিবরাত্রির গুরুত্ব

**সঠিক উত্তর: গ) একমাত্র সন্তান**

**ব্যাখ্যা:** শিব রাত্রির সলতে বলতে বুঝায় পিতা মাতার একমাত্র জীবিত সন্তান/একমাত্র সন্তান/এক মাত্র অবলম্বন।

**প্রশ্ন: ২২-"প্রোষিতভর্তৃকা"- শব্দটির অর্থ কী?**

ক) ভৎসনাপ্রাপ্ত তরুণী ‘ খ) যে নারীর স্বামী বিদেশে অবস্থান করে

গ) ভূমিতে প্রোথিত তরুমূল ঘ) যে বিবাহিতা নারী পিত্রালয়ে অবস্থান করে

**সঠিক উত্তর: খ) যে নারীর স্বামী বিদেশে অবস্থান করে**

**ব্যাখ্যা:** ভৎসনাপ্রাপ্ত তরুণী- ভর্তসিতা; যে নারীর স্বামী বিদেশে অবস্থান করে- প্রোষিতভর্তৃকা।

**প্রশ্ন: ২৩-উল্লিখিতদের মধ্যে কে প্রাচীন যুগের কবি নন?**

ক) কাহ্নপাদ খ) লুইপাদ গ) শান্তিপাদ ঘ) রমনীপাদ

**সঠিক উত্তর:** ঘ) রমনীপাদ

**ব্যাখ্যা:** কাহ্ন পা চর্যাপদে তেরোটি পদ রচনা করেন। শান্তিপা বিক্রমশিলা বিহারের দ্বারপন্ডিত ছিলেন। লুই পা চর্যাপদের প্রথম ও ঊনত্রিশতম পদ রচনা করেন। রমনীপাদ প্রাচীন যুগের কবি নন।

**প্রশ্ন: ২৪-উল্লিখিত কোন রচনাটি পুঁথি সাহিত্যের অন্তর্গত নয়?**

ক) ময়মনসিংহ গীতিকা খ) ইউসুফ জুলেখা গ) পদ্মাবতী ঘ) লাইলী মজনু

**সঠিক উত্তর:** ক) ময়মনসিংহ গীতিকা

**ব্যাখ্যা:** ''ময়মনসিংহ গীতিকা'' ময়মনসিংহের প্রচলিত পালাগান বা গাথাগুলির সংগ্রহ। এটি লোক সাহিত্যের অন্তর্ভুক্ত।

**প্রশ্ন: ২৫-জীবনীকাব্য রচনার জন্য বিখ্যাত :**

ক) ফকির গরীবুল্লাহ খ) নরহরি চক্রবর্তী গ) বিপ্রদাস পিপিলাই ঘ) বৃন্দাবন দাস

**সঠিক উত্তর:** ঘ) বৃন্দাবন দাস

**ব্যাখ্যা:** বৃন্দাবন দাস একজন মধ্যযুগীয় এবং পদাবলী সাহিত্যের বিখ্যাত কবি ছিলেন।

**প্রশ্ন: ২৬-বৈষ্ণব পদাবলির সঙ্গে কোন ভাষা সম্পর্কিত?**

ক) সন্ধ্যাভাষা খ) অধিভাষা গ) ব্রজবুলি ঘ) সংস্কৃত ভাষা

**সঠিক উত্তর:** গ) ব্রজবুলি

**ব্যাখ্যা:** ব্রজবুলি মধ্যযুগীয় বাংলা সাহিত্যের দ্বিতীয় কাব্যভাষা। এটি মৈথিলি ও বাংলার মিশ্রিত রূপ। মিথিলার কবি বিদ্যাপতি এর উদ্ভাবক।

**প্রশ্ন: ২৭-জসীম উদ্দীনের রচনা কোনটি?**

ক) যাদের দেখেছি খ) পথে-প্রবাসে গ) কাল নিরবধি ঘ) ভবিষ্যতের বাঙালী

**সঠিক উত্তর:** ক) যাদের দেখেছি

**ব্যাখ্যা:** জসীম উদ্দীনের আত্মকথা- যাদের দেখেছি (১৯৫১), ঠাকুর বাড়ির আঙ্গিনায় (১৯৬১), জীবন কথা (১৯৬৪)।

**প্রশ্ন: ২৮-‘কিন্তু মানুষ কখনো পাষাণ হয় না’- উক্তিটি কোন উপন্যাসের?**

ক) রবীন্দ্রনাথের ‘চোখের বালি’ খ) শরৎচন্দ্রের ‘পথের দাবী’

গ) শওকত ওসমানের ‘ক্রীতদাসের হাসি’ ঘ) বঙ্কিমচন্দ্রের ‘রাজসিংহ’

**সঠিক উত্তর:** ঘ) বঙ্কিমচন্দ্রের ‘রাজসিংহ’

**ব্যাখ্যা:** উক্তিটি বঙ্কিমচন্দ্রের ঐতিহাসিক ‘রাজসিংহ’ উপন্যাস থেকে নেয়া।

**প্রশ্ন: ২৯-ইয়ংবেঙ্গল গোষ্ঠীভুক্ত ছিলেন কে?**

ক) অক্ষয় কুমার দত্ত　খ) এন্টনি ফিরঙ্গি

গ) মাইকেল মধুসূদন দত্ত　ঘ) কালীপ্রসন্ন সিংহ ঠাকুর

**সঠিক উত্তর:** গ) মাইকেল মধুসূদন দত্ত

**ব্যাখ্যা:** হেনরি লুই ভিভিয়ান ডিরোজিওর শিষ্যরাই ইয়ংবেঙ্গল নামে পরিচিত। এর উল্লেখযোগ্য সদস্যরা হলেন প্যারীচাঁদ মিত্র, মাইকেল মধুসূদন দত্ত প্রমুখ।

**প্রশ্ন: ৩০-'বিদ্রোহী' কবিতাটি কোন সনে প্রথম প্রকাশিত হয়?**

ক) ১৯২৩ সন　খ) ১৯২১ সন　গ) ১৯১৯ সন　ঘ) ১৯১৮ সন

**সঠিক উত্তর:** খ) ১৯২১ সন

**ব্যাখ্যা:** ১৯২১ সালের ডিসেম্বরে কলকাতার তালতলা লেনের বাড়িতে বসে কাজী নজরুল ইসলাম 'বিদ্রোহী' কবিতাটি লিখেছিলেন।

**প্রশ্ন: ৩১-'আগুন পাখি'- উপন্যাসটির রচয়িতা কে?**

ক) রাহাত খান　খ) হাসান আজিজুল হক　গ) সেলিনা হোসেনঘ) ইমদাদুল হক মিলন

**সঠিক উত্তর:** খ) হাসান আজিজুল হক

**ব্যাখ্যা:** আগুনপাখি ২০০৬ সালে হাসান আজিজুল হক রচিত শ্রেষ্ঠ উপন্যাস।

**প্রশ্ন: ৩২-'একুশে ফেব্রুয়ারি'র বিখ্যাত গানটির সুরকার কে?**

ক) সুবীর সাহা　খ) সুধীন দাস　গ) আলতাফ মাহমুদ　ঘ) আলতাম মামুন

**সঠিক উত্তর:** গ) আলতাফ মাহমুদ

**ব্যাখ্যা:** গানটির গীতিকার আব্দুল গাফফার চৌধুরী, ১ম সুরকার আব্দুল লতিফ এবং বর্তমান সুরকার আলতাফ মাহমুদ।

**প্রশ্ন: ৩৩-বাক্যের ক্রিয়ার সাথে অন্যান্য পদের যে সম্পর্ক তাকে কী বলে?**

ক) বিভক্তি　খ) কারক　গ) প্রত্যয়　ঘ) অনুসর্গ

**সঠিক উত্তর:** খ) কারক

**ব্যাখ্যা:** বাক্যের ক্রিয়ার সাথে অন্যান্য পদের যে সম্পর্ক তাকে কারক বলে।

**প্রশ্ন: ৩৪-'গীর্জা' কোন ভাষার অন্তর্গত শব্দ?**

ক) ফারসী　খ) পর্তুগীজ　গ) ওলন্দাজ　ঘ) পাঞ্জাবী

**সঠিক উত্তর:** খ) পর্তুগীজ

**ব্যাখ্যা:** 'গীর্জা' পর্তুগীজ ভাষার অন্তর্গত শব্দ।

**প্রশ্ন: ৩৫-কোন শব্দযুগল বিপরীতার্থক নয়?**

ক) ঐচ্ছিক-অনাবশ্যিক　খ) কুটিল-সরল　গ) কম-বেশি　ঘ) কদাচার-সদাচার

**সঠিক উত্তর:** ক) ঐচ্ছিক-অনাবশ্যিক

**ব্যাখ্যা:** ঐচ্ছিক এবং অনাবশ্যিক শব্দ দুটি সমার্থক, বিপরীতার্থক নয়।